গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রোগ্রামার: আইসিটি শাখা
www.eedmoe.gov.bd
শিক্ষা ভবন (দ্বিতীয় ব্লক) নবাব আব্দুল গনি রোড, ঢাকা।

**জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়নের লক্ষ্যে ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল' ২৪ - জুন' ২৪) 'অংশীজনের অংশগ্রহণে' সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | ড.অমিতাভ চক্রবর্ত্তী<br>পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| সভার তারিখ | ২৫ এপ্রিল, ২০২৪। |
| সভার সময় | দুপুর ০২:৩০ ঘটিকা। |
| স্থান | ভার্চুয়াল, জুম প্লাটফর্ম। |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। অতঃপর সভা পরিচালনার জন্য প্রোগ্রামার, জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ-কে অনুরোধ করেন। নির্দেশনা অনুযায়ী সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪-এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল' ২৪ - জুন' ২৪) -এর কার্যক্রমসমূহ উপস্থাপন করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | শিক্ষা প্রতিষ্ঠানের কাজ যথাসময়ে সমাপ্তকরণ | আলোচনায় অংশ নিয়ে জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম শিকদার ভারপ্রাপ্ত সুপার , বেতবুনিয়া মঈনুল উলুম রেজভীয়া সাঈদীয়া দাখিল মাদ্রাসা, কাউখালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা বলেন উক্ত মাদ্রাসাটি হাইওয়ের পাশে এবং ১ম তলার কাজ শেষ, ২য় তলা প্রক্রিয়াধীন। নির্বাহী প্রকৌশলী , সহকারী প্রকৌশলী ও উপসহকারী প্রকৌশলীসহ সংশ্লিষ্টরা সঠিকভাবে কাজ সম্পন্ন করার জন্য পরামর্শ দেন, কমিটি সচেতন থাকায় কাজের গুণগত মান ঠিক আছে।<br>সংশ্লিষ্ট প্রোজেক্ট ইঞ্জিনিয়ার বলেন ইইডি'র পরামর্শ ও ডিজাইন অনুযায়ী কাজ তিনি করছেন।<br>রাঙ্গামাটি জেলার নির্বাহী প্রকৌশলী বলেন ভবনটি নিচু ভূমিতে হওয়ায় কাজ আরম্ভ করতে দেরী হয়েছিল, পানি শুকানোর পর কাজ শুরু হয়েছে এখন কাজ দ্রুত গতিতে চলছে। | গুনগত মান বজায় রেখে নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।<br>নির্মাণ কাজ সন্তোষজনকভাবে সমাপ্তির পর যথানিয়মে বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, রাঙ্গামাটি জেলা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | ভবন নির্মাণ কাজের মান নিশ্চিতকরণ | আলোচনায় অংশ নিয়ে জনাব এ কে এম জহির উদ্দিন, প্রধান শিক্ষক, আলহাজ্ব কোব্বাদ আহমেদ আদর্শ উচ্চ বিদ্যালয় জানান ৪তলা একাডেমিক ভবনের ১ তলার কাজ শেষ ২ ও ৩ তলার কাজ চলমান। গাঁথুনি শুরু করবে এবং নির্মান কাজের মান সন্তোষজনক। কক্ষ প্রযোজনের তুলনায় অপ্রতুল থাকায় পাঠদান ব্যহত হচ্ছে। ৪র্থ তলার অনুমোদন হলে শিক্ষার্থীদের জন্য পড়াশোনার পরিবেশ উন্নত হতো।<br>ঠিকাদার প্রতিষ্ঠান মেসার্স হক ইঞ্জিনিয়ার্স অ্যান্ড বিল্ডার্স আলোচনায় অংশ নিয়ে বলেন ২০০৪ সাল থেকে কাজ করছি। তিনি ৭০১৬ ফান্ডের বিষয়ে জানতে চান এবং আরো বলেন ফান্ডের ব্যবস্থা না হলে কাজ বন্ধ হয়ে যাবে। | শিক্ষা প্রতিষ্ঠানের নির্মাণ কাজের মান যথাযথভাবে নিশ্চিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, ফেনী জেলা। |
| ০৩ | নির্মাণ কাজের ঠিকাদারি বিল প্রদান সংক্রান্ত | আলোচনায় অংশ নিয়ে জনাব মোঃ ইব্রাহীম শামীম, সুপার, ভবানীগঞ্জ কেরামতিয়া ফাজিল মাদ্রাসা সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন একাডেমিক ভবনের ১ম তলার পর ২/৩ তলার কাজ প্রায় শেষ দিকে এবং রং, থাই এর কাজ বাকী আছে। কাজটি সঠিকভাবে পরিচালনা হচ্ছে এবং নির্বাহী প্রকৌশলীসহ সহযোগীরা নিয়মিত কাজটি দেখভাল করেন। মাদ্রাসাটি পুরাতন প্রতিষ্ঠান এবং শিক্ষার্থী সংখ্যা প্রায় ৩০৯৯ জন। প্রতিষ্ঠানটিতে প্রয়োজনের তুলনায় কক্ষ সংখ্যা অপ্রতুল। ২টি শিফটে ক্লাস পরিচালনা করতে হয়। আরো একটি ৪/৬ তলা ভবন দরকার। কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এমন সুন্দর প্রোগ্রামের আয়োজন করার জন্য।<br>সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান প্রোঃ হাফিজ উল্যা ভূঁইয়া এন্ড সন্স জানায় কার্যাদেশের পর নির্বাহী প্রকৌশলী স্যারদের পরামর্শক্রমে কাজ শুরু করেন এখন রং ও থাই এর কাজ বাকী। তবে বিল পায়নি, আগামী ৩০ মে, ২০২৪ এর মধ্যে কাজ হস্তান্তর করার কথা ব্যাক্ত করেন। | শিক্ষা প্রতিষ্ঠানের নির্মাণ কাজের মান যথাযথভাবে নিশ্চিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, লক্ষ্মীপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সমাপ্তকরণ | আলোচনায় অংশ নিয়ে জনাব নুরুল হুদা, প্রতিষ্ঠান প্রধান, ক্রিপালপুর মাদ্রাসা, সদর, নোয়াখালী বলেন মাদ্রাসা প্রকল্পের ৪ তলা ভবনের নির্মাণ কাজ প্রায় শেষ দিকে। কাজ ভালো হয়েছে আসবাবপত্র দ্রুত সময়ে পেলে খুব উপকার হবে। ৪ তলা ভবনের শিক্ষার্থীর তুলনায় জায়গা কম। আরো একটি ভবন দরকার।<br>মোঃ ফিরোজ, ঠিকাদার, রাকেয়া কনষ্ট্রাকশন বলেন সকলের সহযোগিতায় জুনের মধ্যে কাজ শেষ করে হস্তান্তর করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।<br>নির্বাহী প্রকৌশলী মহোদয় ঠিকাদারকে ধন্যবাদ জানান এবং আসবাবপত্র সরবরাহে ঠিকাদারকে সহযোগিতা করার কথা বলেন। এছাড়াও ভবনের ব্যাপারে প্রধান প্রকৌশলী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, নোয়াখালী জেলা। |
| ০৫ | কাজের মান নিশ্চিত করে ভবন হস্তান্তর | আলোচনায় অংশ নিয়ে জনাব প্রফেসর এ. এস. এম শফিকুল্লাহ, অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া বলেন বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ প্রকল্পের ৬ তলা একাডেমিক ভবন নির্মাণ কাজ শেষ দিকে এবং দীর্ঘদিনের অপেক্ষার অবসান হতে যাচ্ছে। ঠিকাদার সময়ের সাথে তাল মিলিয়ে দ্রুত গতিতে কাজ করছেন হয়েছে এবং বর্তমানে ইলেকট্রিক্যাল কাজগুলোও সুচারুভাবে সম্পন্ন হচ্ছে। কাজের মান সন্তোষজনক, নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হবে। | কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করে হস্তান্তর করতে হবে। | নির্বাহী প্রকৌশলী ব্রাহ্মণবাড়িয়া জেলা। |
| ০৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার বস্থাপনা এবং তথ্য অধিকার আইন সংক্রান্ত | সভায় প্রধান কার্যালয়সহ সার্কেল ও জেলা অফিসসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য বলা হয়। প্রাপ্ত অভিযোগ সমূহের নিষ্পত্তি করে মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রদান করতে হবে। তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী নাগরিকগণের তথ্য সময়মত প্রদান করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন কার্যক্রম সমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) নির্বাহী প্রকৌশলী (সকল) । |

২.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯-০৫-২০২৪
ড.অমিতাভ চক্রবর্তী
পরিচালক (প্রশাসন ও অর্থ)
০২২২৩৩৮২১৭৭
dir@eedmoe.gov.bd

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০০৪.২৪.৭৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। যুগ্মসচিব, যুগ্মসচিব, পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/.........সার্কেল;
৬। উপপরিচালক, উপপরিচালক (প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৭। নির্বাহী প্রকৌশলী (পুর): ডেস্ক- ১/২/৩/৪, ডিজাইন/বিদ্যুৎ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/...... জেলা;
৮। প্রোগ্রামার, প্রোগ্রামার, আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯। উপপরিচালক, অর্থ (অতিরিক্ত দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১০। কমিটির সদস্যবৃন্দ (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১১। সহকারী প্রকৌশলী: পুর/ডিজাইন/বিদ্যুৎ/যান্ত্রিক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১২। প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১৪। উপসহকারী প্রকৌশলী: পুর/যান্ত্রিক/বিদ্যুৎ, উপসহকারী স্থপতি/ড্রাফটসম্যান, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১৫। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এবং
১৬। সহকারী প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।

১৯-০৫-২০২৪
ইফতেখার উদ্দিন আহাম্মদ
প্রোগ্রামার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) শুদ্ধাচার সংশ্লিষ্ট অংশীজন সভার উপস্থিতি (২৫.০৪.২০২৪) - Google Sheets